New Zealand Government

ক্রাইস্টচার্চ ট্রাজেডি - যেভাবে আমরা সহায়তা করতে পারি

আপনি যদি ক্রাইস্টচার্চ ট্রাজেডির শিকার হন – আপনি প্রিয়জন হারিয়েছেন, আহত হয়েছেন, ঘটনার প্রত্যক্ষদর্শী বা হতাহতদের সেবা প্রদান করেছেন তবে আপনি সরকারী সহায়তা পেতে পারেন এখানে আমরা আপনাদের সেবায় নিয়োজিত।
সোমবার থেকে শুক্রবার সকাল ৭টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত, এবং শনিবার সকাল ৮টা থেকে দুপুর ১টা (নিউজিল্যান্ডের সময়) পর্যন্ত **০৮০০ ৭৭৯ ৯৯৭** নম্বরে যোগাযোগ করুন। যদি আপনি বিদেশ থেকে ফোন করতে চান, তবে ব্যবহার করুন **+৬৪ ৪ ৪৬৬ ৪৬৯৮** নম্বরটি।

০৮০০ সরকারি হেল্পলাইন

০৮০০ ৭৭৯ ৯৯৭ নম্বরে এ ফোন করতে পারেন যদি :

- কোন সাহায্যের প্রয়োজন হয়
- আরো তথ্য জানতে চান।

যদি আপনি বিদেশ থেকে কল করতে চান, তবে +৬৪ ৪ ৪৬৬ ৪৬৯৮ এ নম্বরে ফোন করুন। লাইনটি সোমবার থেকে শুক্রবার সকাল ৭টা থেকে সন্ধ্যা ৬ টা পর্যন্ত, এবং শনিবার সকাল ৮টা থেকে দুপুর ১টা (নিউজিল্যান্ডের সময়) পর্যন্ত খোলা আছে।

আপনি বেশ কয়েকটি সরকারি সংস্থা থেকে আর্থিক সহায়তা পেতে পারেন। আমরা ফোনের মাধ্যমে আপনার অর্থপ্রাপ্তির ব্যবস্থা করতে পারি।

এমনকি আপনি যদি মনে করেন যে আপনি হয়তো আর্থিক সহায়তার জন্য যোগ্য হবেন না, তবুও দয়া করে আমাদের সঙ্গে যোগাযোগ করুন। অন্যান্য আরও অনেক উপায়েই আমরা সহায়তা প্রদান করতে পারি এবং আমরা আপনাকে সঠিক পথ নির্দেশনা করতে পারি।

ভিকটিম সাপোর্ট

আক্রান্তের সহায়তা যদি আপনি প্রিয়জন হারিয়ে থাকেন, আহত হন আপনার পরিবারের কোন সদস্য আহত হয়েছেন অথবা ক্রাইস্টচার্চ হামলার প্রত্যক্ষদর্শী হয়ে থাকেন তবে সহায়তা প্রদানে ভিকটিম সাপোর্ট আপনাকে সাহায্য

প্রদান করবে।

কাকে আমরা সহায়তা করতে পারি?

- নিহতের পরিবারের সদস্য
- এই হামলাজনিতে হাসপাতালে ভর্তি কোন ব্যক্তি, এবং তাঁদের পরিবারের সদস্যবৃন্দ
- অন্যান্য প্রত্যক্ষদর্শী বা গুরুতর আক্রমণের শিকার ব্যক্তিবৃন্দ

আমাদের সমর্থন পাওয়ার জন্য আপনাকে নিউজিল্যান্ডের নাগরিক বা বাসিন্দা হতে হবে না।

আমরা কিভাবে সাহায্য করতে পারি?

- **কার্যকরী সহায়তা হাতে কলমে।** একজন সহায়তা কর্মী আপনাকে এবং আপনার পরিবারকে কার্যকরী সহায়তা হাতে কলমে প্রদান (যেমন ফর্ম পূরণ করা, ব্যাংকিং সমস্যা, আপনার প্রশ্নের উত্তর এবং অন্যান্য রেফারাল সেবাসমুহ বিষয়ে পথ নির্দেশ) করতে পারে
- **শোক এবং মানসিক বিপর্যয়ে সমর্থন।** একজন সহায়তা কর্মী আপনার এবং আপনার পরিবারের শোক ও মানসিক - বিপর্যয়কালে সাহায্য করতে পারে
- **আর্থিক সহায়তা।** প্রতি নিহত পরিবারের সদস্যের জন্য $১৫,০০০, হাসপাতালে ভর্তি প্রত্যেক ব্যক্তির জন্য $৫,০০০ এবং ক্রাইস্টচার্চের দুঃখজনক ঘটনায় অন্যান্য জরুরী ব্যয়ের (যেমন অন্ত্যেষ্টিক্রিয়া ব্যবস্থা, পরিবারের ভ্রমণ এবং বাসস্থান) জন্য অনুদান।

আরও তথ্যের জন্য

ফোন: ০৮০০ ৮৪২ ৮৪৬
ইমেইল: nationaloffice@victimsupport.org.nz
www.victimsupport.org.nz

এসিসি (এক্সিডেন্ট কম্পেন্সেশন কর্পোরেশন)

এসিসি একটি সরকারী সংস্থা যা দুর্ঘটনায় কোন ব্যক্তি বা তাঁর পরিবারের কেউ আহত বা নিহত হলে প্রয়োজনীয় সাহায্য প্রদান করে এই সহায়তাটি নিউজিল্যান্ডের সকলের জন্য এবং কোন পর্যটক নিউজিল্যান্ডে ভ্রমণরত অবস্থায় আহত হলে তাঁদেরও প্রদান করা হয়

আমরা কাদের সাহায্য করতে পারি?

- এ হামলায় আহত , তাঁদের পরিবার ও সাহায্যকারী ব্যক্তিবর্গ।
- যারা আক্রমনে প্রিয়জন হারিয়েছেন।

আমরা কিভাবে সহায়তা করতে পারি?

আঘাতসমূহ

- চিকিৎসা সেবার ব্যয় বহন।
- **উপার্জন হ্রাসের জন্য ক্ষতিপূরণ।** আমরা আপনার সাপ্তাহিক আয়ের ৮০ শতাংশ পর্যন্ত ক্ষতিপূরন প্রদান করি যদি আঘাতপ্রাপ্ত হওয়ায় আপনি কাজ করতে অক্ষম হন।
- **গৃহস্থালি কাজে ~~সহায়তা~~।** আমরা আপনার বাড়ি পরিচ্ছন্ন এবং দেখভালে, এবং ব্যক্তিগত যত্নাদি যেমন গোসল এবং পরিপাটিতে সহায়তা প্রদান করতে পারি।
- **শিশু তত্ত্বাবধান।** গৃহে বা ~~একটি~~ খেলার স্থানে বা কিন্ডারগার্টেনে সহায়তা ~~উপলব্ধ~~ প্রদান করা হয়। আহত পিতামাতা যদি আঘাতের কারনে, সন্তানের দৈনন্দিন যত্ন যেমন তাদের পোশাকাদি পড়ানো, পরিষ্কার পরিচ্ছন্ন করতে অক্ষম হন তবে সেসব ক্ষেত্রেও আমরা তাঁদের সাহায্য প্রদান করি।

যে সব পরিবার তাদের প্রিয়জন হারিয়েছে

(মৃত্যু পরবর্তী ধর্মীয় আচার) ব্যয় বহনে সহায়তা। আমরা অন্ত্যেষ্টিক্রিয়া এবং কুলখানির ব্যয়বাবদ $ ১০,০০০ পর্যন্ত অনুদান প্রদান করি। আপনাকে এর উপর কোন ট্যাক্স পরিশোধ করতে হবে না। আপনি নিউজিল্যান্ড বা বিদেশে অন্ত্যেষ্টিক্রিয়া বা কুলখানির স্থান নির্ধারণ করতে পারেন।

বেঁচে যাওয়া পরিবারের সদস্যের জন্য অনুদান। পরিবারের সদস্য যদি নিহত ব্যক্তির সঙ্গী বা সঙ্গিনী, সন্তান এবং পোষ্য হন (যারা তাঁদের উপর আর্থিক ভাবে নির্ভরশীল) তবে তিনি বা তাঁরা এককালীন অনুদান পেতে পারেন। আমরা নিম্নলিখিত হারে প্রদান করি :

- স্বামী-স্ত্রী বা সঙ্গী-সঙ্গিনী কে $ ৬,৬৬৮
- ১৮ বছরের কম বয়সী প্রতিটি শিশু বা অন্যান্য পোষ্য $৩,৩৩৪। শিশু বা নির্ভরশীল পোষ্য ১৬ বছরের কম বয়সী হলে ,এই অর্থ তাদের পিতামাতা বা তত্ত্বাবধায়ককে দেওয়া হবে। আপনাকে এর উপর কোন ট্যাক্স পরিশোধ করতে হবে না।

নিউজিল্যান্ডে অবস্থানরত শিশুদের জন্য অব্যাহত সমর্থন। যদি ঘটনায় নিহত কোন ব্যক্তির সন্তানাদি -থাকে তবে তাঁর পরিবার শিশু সেবার জন্য পাঁচ বছর পর্যন্ত অথবা শিশুর ১৪ বৎসর বয়স পর্যন্ত সাপ্তাহিক ভাতা পাবেন। সর্বমোট পরিমাণ নির্ভর করে ভাতা পাবার যোগ্য ১৪ বছরের কম বয়সী শিশুর সংখ্যার উপর। এই ভাতাবাবদ প্রাপ্ত অর্থের উপর আয়কর দিতে হবে না, তবে কাজ এবং আয় অনুযায়ী এর পরিমান নির্ভর করে। সন্তানের অক্ষমতা ক্ষেত্রে , আমরা বিবেচনা করতে পারি যে ভাতাটি দীর্ঘ দিন ধরে চলতে পারে কি না।

পরিবারের জন্য সাপ্তাহিক ক্ষতিপূরণ। যদি নিহত ব্যক্তি তার মৃত্যুকালে নিউজিল্যান্ডে আয় উপার্জন করতেন, তাহলে তাঁর মৃত্যুর কারনে পরিবারের আয় কমে যাওয়ার জন্য ক্ষতিপূরণ ভাতা পেতে পারেন। আমরা নিহতের উপার্জনের মোট পরিমানের উপর ৮০ শতাংশ পর্যন্ত প্রদান করি। এই অর্থ নিহতের পতি-পত্নী বা সঙ্গী-সঙ্গিনী, তাদের সন্তানদের লালন-পালনে এবং তাদের পোষ্য পিতামাতা বা অন্য নিকটআত্মীয় যারা তাঁর উপর নির্ভরশীল ছিলেন তাঁরা পেতে পারেন। যদি কোন পোষ্য বিদেশে বসবাস করে তবে তাঁদের ভাতা প্রাপ্তি অব্যাহত থাকতে পারে। উক্ত ভাতাদি ব্যক্তির অবস্থার উপর নির্ভর করে।

আরও তথ্যের জন্য

ফোন: ০৮০০ ০৮০ ২৭৩
ইমেইল: christchurchresponse@acc.co.nz
www.acc.co.nz

কাউন্সেলিং - যদি কারো পরামর্শের প্রয়োজন হয়

হেল্পলাইন

যে কেউ ১৭৩৭ (মোবাইল থেকে) নম্বরে কল বা মেসেজ পাঠাতে এবং প্রশিক্ষিত পরামর্শদাতার সাথে কথা বলতে পারেন। ল্যান্ডলাইন থেকেও বিনামূল্যে ০৮০০ ১৭৩৭ ১৭৩৭ এই নম্বরে কল করতে পারেন। সেবাটি বিনামূল্যে ২৪ ঘন্টা দেওয়া হয়।

চিকিৎসকের সাথে সাক্ষাৎ

আপনি যদি নিউজিল্যান্ডে বসবাসকারী বা নাগরিক হন তবে আপনি আপনার স্থানীয় ডাক্তারের নিকটে যেতে পারেন, ফি প্রযোজ্য হতে পারে। আপনি যদি অন্য দেশ থেকে ভ্রমণে আসেন, আপনার ভ্রমণ বীমা প্রদানকারীর সাথে যোগাযোগ করুন, (চিকিৎসকের ফি বাবদ খরচ) বীমা দ্বারা পরিশোধযোগ্য হতে পারে।

কাজ এবং আয়

কাজ এবং আয় একটি সরকারি সংস্থা যা বেকার বা নিম্নসীমার আয় উপার্জনকারী ব্যাক্তিদের সাহায্য করে। প্রদত্ত সহায়তার মধ্যে রয়েছে আর্থিক সুবিধা , যেমন কাজের সন্ধানের সাপোর্ট এবং নিউজিল্যান্ডের সুপার এনুয়েশন।

আমরা কাকে সহায়তা করতে পারি?

ক্রাইস্টচার্চ ট্রাজেডি দ্বারা আক্রান্ত ব্যক্তি বা উক্ত ঘটনার কারনে যাদের ক্রাইস্টচার্চে ভ্রমণ করতে হবে। আপনাকে ইতিমধ্যে কোন সুবিধাভোগকারী ব্যাক্তি হতে হবে না।

আমরা কিভাবে সাহায্য করতে পারি?

জরুরী বা অপ্রত্যাশিত ব্যয়ের ভাতা

আমরা কিছু তাৎক্ষণিক এবং অপরিহার্য চাহিদার মেটাতে সাহায্য করতে পারি, যেমন:

- খাদ্য
- বিছানাপত্র
- পেট্রল এবং অন্যান্য ভ্রমণ ব্যয় যদি নিউজিল্যান্ডের অভ্যন্তরে ভ্রমণ করেন।

অগ্রিম সুবিধার ভাতা

অবিলম্বে সুবিধাপ্রাপ্ত ব্যক্তিবর্গ তাৎক্ষনিক প্রয়োজন মেটাতে ছয় সপ্তাহ পর্যন্ত এডভান্স পেমেন্ট অফ বেনিফিট সুবিধা পেতে পারেন অগ্রিম সুবিধার পেমেন্ট ছয় সপ্তাহ পর্যন্ত।

জরুরী বেনিফিট

তাঁদের জন্য যারা অন্য কোন সহায়তার যোগ্যতা অর্জনে ব্যর্থ।

আয়ের ক্ষতি

আপনি আয়ের ক্ষতি বাবদ সিভিল ডিফেন্স পেমেন্ট পেতে পারেন যদি:

- আপনার কাজের জায়গাটি বন্ধ রয়েছে (যেমন পুলিশ কর্ডনের মধ্যে থাকে)
- ১৫ মার্চ শুক্রবার ক্রাইস্টচার্চের ঘটনার কারণে আপনি কাজে যোগ দিতে পারেন নি
- পরিবারের সঙ্গে থাকতে হবে বা whānauতে।

যদি আপনার অস্থায়ী কাজের ভিসা (যেমন ওয়ার্ক পারমিট) থাকে এবং ট্রাজেডির সময় কর্মরত হন তবে আপনিও আবেদন করতে পারেন।

আপনাকে গৃহ ত্যাগ করতে হয়েছিল

আপনি অন্যান্য ব্যয় বাবদ সিভিল ডিফেন্স পেমেন্ট পেতে পারেন যদি আপনিঃ

- গৃহে যেতে পারছেন না, কারণ আপনি পুলিশ কর্তৃক ঘেরাও এলাকায় বাস করেন
- বন্ধু বা তাঁদের পরিবারের আশ্রয় ব্যবস্থা করেছেন অথবা
- বাড়ি যেতে না পারার কারনে খাদ্য, পোশাক বা বিছানাপত্রের জন্য সাহায্য প্রয়োজন।

আরও তথ্যের জন্য

www.workandincome.govt.nz

অভ্যন্তরীণ রাজস্ব (আইআর)

অভ্যন্তরীণ রাজস্ব ইনল্যান্ড রেভিনিউ সমস্ত ব্যক্তিগত, পরিবার এবং ব্যবসার জন্য ট্যাক্স সম্পর্কে পরামর্শ এবং সাহায্য প্রদান করে। আমরা পরিবারের ট্যাক্স ক্রেডিটের জন্য কাজ এবং শিশু সমর্থন খাতে আপনার জন্য সঠিক বরাদ্ধ নিশ্চিতে সাহায্য করতে।

আমরা কাকে সহায়তা করতে পারি?

আক্রমণের শিকারের ব্যক্তির ট্যাক্স সম্পর্কে প্রশ্ন থাকলে (ব্যক্তিগত বা ব্যবসায়িক উভয় কর সংক্রান্ত)।

আপনার আরও তথ্যের প্রয়োজনে যদি আপনার কোন প্রশ্ন থাকে:

- পরিবারের ট্যাক্স ক্রেডিটের জন্য কাজ
- চাইল্ড কেয়ার
- শিক্ষার্থীর ঋণ
- কিউই সেইভার

আমরা কিভাবে সহায়তা করতে পারি?

আমরা কর সম্পর্কিত প্রশ্নাবলী এই মুহূর্তে আপনার ভাবনায় নেই। আপনার উপযুক্ত সময়ে, আমরা প্রয়োজনীয় তথ্য এবং সাহায্য প্রদানে সক্ষম। দয়া করে আমাদের কল করুন **০৮০০ ৪৭৩ ৩৮৩** সোমবার থেকে শুক্রবার সকাল ৮ টা থেকে রাত ৮ টা এবং শনিবার সকাল ৯ টা থেকে দুপুর ১ টা পর্যন্ত। সুবিধাজনক সময়ে আমরা ব্যক্তিগতভাবে আপনার সাথে দেখা করতে একজন লিয়াজো ব্যক্তির ব্যবস্থা করতে পারি।